

নবীদের কাহিনী

বিভাগ/অধ্যায়ঃ হযরত মুহাম্মাদ (সাঃ) - মাদানী জীবন রচয়িতা/সঙ্কলকঃ ডঃ মুহাম্মাদ আসাদুল্লাহ আল-গালিব

সর্বশেষ ইমামতি (سيمامة الأخيرة يوم الخميس)

মৃত্যুর চারদিন পূর্বে বৃহস্পতিবার মাগরিবের ছালাতের ইমামতিই ছিল তাঁর জীবনের সর্বশেষ ইমামতি। অসুখ সত্ত্বেও তিনি এযাবত প্রতি ওয়াক্ত ছালাতে ইমামতি করেছেন। সর্বশেষ এই ইমামতিতে আল্লাহর রাসূল (ছাঃ) প্রথম দু'রাক'আতে সূরা মুরসালাত পাঠ করেন'। যার সর্বশেষ আয়াত ছিল فَبَأَيِّ حَدِيْتُ بِعُدَهُ يُؤُمِنُونَ 'এর পরে কোন্ বাণীর উপরে তোমরা বিশ্বাস স্থাপন করবে'? (মুরসালাত ৭৭/৫০)। অর্থাৎ কুরআনের পরে আর কোন্ কালামের উপরে তোমরা ঈমান আন্বে?

এর দ্বারা যেন তিনি ইঙ্গিত করলেন যে, আল্লাহ পাকের আহবানের সাথে সাথে উম্মতে মুহাম্মাদীর প্রতি আমার জীবনের সর্বশেষ আহবান হ'ল, সর্বাবস্থায় তোমরা কুরআনের বিধান মেনে চলবে। কোন অবস্থাতেই কুরআন ছেড়ে অন্য কিছু গ্রহণ করবে না।[1]

ফুটনোট

[1]. অথচ উম্মতে মুহাম্মাদী এখন কুরআন ছেড়ে জীবনের প্রায় সর্বক্ষেত্রে নিজেদের মনগড়া বিধান সমূহের অনুসরণ করছে। ফলে পদে পদে তারা লাঞ্ছিত ও অধঃপতিত হচ্ছে।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=5744

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন